

## আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নম্বরঃ ৩২০

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯) মসজিদে গমণ করা। বিশেষ করে অন্ধকারে এবং তার ফযীলতের বর্ণনা

الترغيب في المشي إلى المساجد سيما في الظلم وما جاء في فضلها

আরবী

(حسن) وَ عَنْ أَبِي أُمَامَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ خَرَجَ مِنْ بَيْتِهِ مُتَطَهِّرًا إِلَى صَلَاةٍ مَكْتُوبَةٍ فَأَجْرُهُ كَأَجْرِ الْحَاجِّ الْمُحْرِمِ وَمَنْ خَرَجَ إِلَى تَسْبِيحِ الضُّحَى لَا يَنْصِبُهُ إِلَّا إِيَّاهُ فَأَجْرُهُ كَأَجْرِ الْمُعْتَمِرِ وَصَلَاةٌ عَلَى أَثَرِ صَلَاةٍ لَا لَغْوَ بَيْنَهُمَا كِتَابٌ فِي عِلِّيْنِ  
 . رواه أبو داود

বাংলা

৩২০. (হাসান) আবু উমামা (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ “যে ব্যক্তি পাক পবিত্র হয়ে ফরয সালাতের উদ্দেশ্যে বাড়ী হতে বের হবে, তার জন্যে রয়েছে মুহরেম হজ্জ পালনকারীর ন্যায় ছোয়াব।[1] আর যে ব্যক্তি চাশতের সালাতের জন্যে বের হবে- এ সালাত ছাড়া অন্য কিছু তাকে ক্লান্ত করে না[2]- তবে তার জন্যে রয়েছে উমরা পালনকারীর ন্যায় প্রতিদান। এক সালাতের পর আর এক সালাত আদায় করলে- যে সালাতদ্বয়ের মাঝে কোন দুনিয়াবী কথা-বার্তা নেই, তবে তার এই আমল ঈল্লীনে[3] লিখে রাখা হবে।”

(আবু দাউদ কাসেম বিন আবদুর রহমানের সনদে আবু উমামা হতে হাদীছটি বর্ণনা করেছেন ৫৫৮।)

[1] . অর্থাৎ যেমন হজ্জ আদায়কারী হজ্জের পূর্ব শর্ত স্বরূপ ইহরাম করে হজ্জে বের হয়, অনুরূপ নামায আদায়কারী নামাযের পূর্বশর্ত স্বরূপ নিজ ঘর থেকে পবিত্রতা তথা ওযু করে বের হয়।

[2] . অর্থাৎ শুধুমাত্র চাশতের নামায আদায় করার উদ্দেশ্যে ক্লান্তি স্বীকার করে মসজিদে যায়।

[3] . মানুষের নেক আমল লিখে রাখার দফতরকে ঈল্লীন বলা হয়। যেমন আল্লাহ বলেন, كَلَّا إِنَّ كِتَابَ الْأَبْرَارِ لَفِي عِلِّيْنِ . وَمَا أُنْذِرُكَ مَا عِلِّيُّونَ . كِتَابٌ مَرْفُومٌ يَشْهَدُهُ الْمُقَرَّبُونَ

ঈল্লীনে, আপনি জানেন ঈল্লীন কি? এটা লিপিবদ্ধ খাতা, আল্লাহর নৈকট্যপ্রাপ্ত ফেরেশতাগণ একে প্রত্যক্ষ করে।”  
(সূরা মুতাফ্ফেফীনঃ ১৮-২১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু উমামাহ্ বাহিলী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88091>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন